গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজসেবা অধিদপ্তর
শৃঙ্খলা ও তদন্ত শাখা
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
www.dss.gov.bd

স্মারক নম্বর: ৪১.০১.০০০০.০০০.০১৪.২৭.০০৪৪.২৬. ২১৮

তারিখ: ১৫ ভাদ্র ১৪৩৩ / ৩০ আগস্ট ২০২৬

বিষয়: জনাব মোঃ টুটুল মিয়া, ইউনিয়ন সমাজকর্মী, উপজেলা সমাজসেবা কার্যালয়, সৈয়দপুর, নীলফামারী এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ অনুযায়ী বিভাগীয় মামলা দায়ের (মামলা নম্বর ২০/২০২৬ তারিখ ৩০/০৮/২০২৬)।

## অভিযোগনামা

যেহেতু, জনাব আমিরুল আলম, সমাজসেবা অফিসার, প্রতিষ্ঠান-১ শাখা, সমাজসেবা অধিদপ্তর, সদর কার্যালয়, আগারগাঁও, ঢাকাকে সমাজসেবা অধিদপ্তরের ০৪/০৫/২০২৬ তারিখ ৪১.০১.০০০০.১১৬.০০০.২৫.০০৪৪.২৫-২১২ সংখ্যক আদেশ যোগে বাংলাদেশের প্রান্তিক পেশাজীবীদের জীবনমান উন্নয়ন (২য় ফেজ) শীর্ষক প্রকল্পের আওতায় প্রান্তিক পেশাজীবীদের ১০ (দশ) দিনের সফটস্কিল প্রশিক্ষণের প্রশিক্ষক হিসাবে ২৭ ও ২৮ জুন ২০২৬ তারিখ নীলফামারী জেলার সৈয়দপুরে প্রশিক্ষক হিসেবে মনোনয়ন প্রদান করা হয়। উক্ত আদেশের প্রেক্ষিতে তিনি প্রশিক্ষণের প্রশিক্ষক হিসাবে নীলফামারী জেলার সৈয়দপুরে শার্প নামের একটি এনজিওর ২য় তলার একটি গেস্ট রুমে প্রশিক্ষণকালীন অবস্থান করেন;

যেহেতু, আপনি জনাব মোঃ টুটুল মিয়া, ইউনিয়ন সমাজকর্মী, উপজেলা সমাজসেবা কার্যালয়, সৈয়দপুর, নীলফামারী উপজেলা সমাজসেবা অফিসার, সৈয়দপুর, নীলফামারীর নির্দেশে সফটস্কিল প্রশিক্ষণের প্রশিক্ষক জনাব আমিরুল আলম, সমাজসেবা অফিসার, প্রতিষ্ঠান-১ শাখা, সমাজসেবা অধিদপ্তর, সদর কার্যালয়, আগারগাঁও, ঢাকাকে প্রশিক্ষণ স্থলে মটর সাইকেলে নিয়ে যাওয়ার সময় তাকে বিভিন্ন অসম্মানজনক কথাবার্তা বলেন এবং শিষ্টাচার বহির্ভূত আচরণ করেন মর্মে তিনি একটি অভিযোগপত্র দাখিল করেন;

যেহেতু, উক্ত অভিযোগের প্রেক্ষিতে আপনাকে সমাজসেবা অধিদপ্তরের শৃঙ্খলা ও তদন্ত শাখার ২২/০৭/২০২৬ তারিখ ৪১.০১.০০০০.০০০.০১৪.২৭.০০৪৪.২৬.১৫৭ সংখ্যক স্মারক যোগে কৈফিয়ত তলব করা হয়। আপনি কৈফিয়ত তলবের জবাব প্রদান করেন। আপনার জবাব সন্তোষজনক নয় মর্মে প্রতীয়মান হয়;

যেহেতু, আপনার উল্লিখিত অভিযোগসমূহ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) মোতাবেক 'অসদাচরণ' এর আওতাভূক্ত এবং একই বিধিমালার আওতায় শাস্তিযোগ্য অপরাধ;

সেহেতু, আপনি জনাব মোঃ টুটুল মিয়া কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) মোতাবেক 'অসদাচরণ' এর অভিযোগে অভিযুক্ত করা হলো। একই বিধিমালার সংশ্লিষ্ট বিধি মোতাবেক কেন আপনাকে উপযুক্ত শাস্তি প্রদান করা হবে না তার জবাব এ অভিযোগনামা প্রাপ্তির ১০(দশ) কার্যদিবসের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নিম্নস্বাক্ষরকারীর নিকট দাখিল করার জন্য নির্দেশ প্রদান করা হলো। আপনি ব্যক্তিগতভাবে উপস্থিত হয়ে এ বিষয়ে শুনানিতে আগ্রহী কিনা এবং আত্মপক্ষ সমর্থনে কোন সাক্ষ্য-প্রমাণাদি উপস্থাপন করতে চান কিনা তাও আপনার জবাবে উল্লেখ করবেন। অত্র অভিযোগনামার সাথে অভিযোগ বিবরণীও সংযুক্ত করা হলো।

সংযুক্ত: অভিযোগ বিবরণী-০১ পাতা।

৩০.০৮.২০২৬
পরিচালক (প্রশাসন ও অর্থ)
☎ ০২-৫৫০০৭০২২
ইমেইল: director-admin@dss.gov.bd

জনাব মোঃ টুটুল মিয়া
ইউনিয়ন সমাজকর্মী
উপজেলা সমাজসেবা কার্যালয়
সৈয়দপুর, নীলফামারী।

স্মারক নম্বর: ৪১.০১.০০০০.০০০.০১৪.২৭.০০৪৪.২৬. ২১৮-(১২)

তারিখ: ১৫ ভাদ্র ১৪৩৩ / ৩০ আগস্ট ২০২৬

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
২. পরিচালক (কার্যক্রম/প্রতিষ্ঠান/সামাজিক নিরাপত্তা), সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৩. পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, রংপুর।
৪. উপপরিচালক (বাজেট ও অর্থ), সমাজসেবা অধিদফতর, আগারগাঁও, ঢাকা।
৫. উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, নীলফামারী।
৬. সহকারী পরিচালক (প্রশাসন-২/অর্থ), সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৭. সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (সমাজসেবা অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোসহ)।
৮. উপজেলা সমাজসেবা অফিসার, সৈয়দপুর, নীলফামারী।
৯. উপজেলা হিসাবরক্ষণ অফিসার, সৈয়দপুর, নীলফামারী।

30.08.26

(শেখ খলিল আল রশিদ)
উপপরিচালক
শৃঙ্খলা-তদন্ত, আইন-বিধি শাখা

অভিযোগ বিবরণী

জনাব আমিরুল আলম, সমাজসেবা অফিসার, প্রতিষ্ঠান-১ শাখা, সমাজসেবা অধিদপ্তর, সদর কার্যালয়, আগারগাঁও, ঢাকাকে সমাজসেবা অধিদপ্তরের ০৪/০৫/২০২৬ তারিখ ৪১.০১.০০০০.১১৬.০০০.২৫.০০৪৪.২৫-২১২ সংখ্যক আদেশ যোগে বাংলাদেশের প্রান্তিক পেশাজীবীদের জীবনমান উন্নয়ন (২য় ফেজ) শীর্ষক প্রকল্পের আওতায় প্রান্তিক পেশাজীবীদের ১০ (দশ) দিনের সফটস্কিল প্রশিক্ষণের প্রশিক্ষক হিসাবে ২৭ ও ২৮ জুন ২০২৬ তারিখ নীলফামারী জেলার সৈয়দপুরে প্রশিক্ষক হিসেবে মনোনয়ন প্রদান করা হয়। উক্ত আদেশের প্রেক্ষিতে তিনি প্রশিক্ষণের প্রশিক্ষক হিসাবে নীলফামারী জেলার সৈয়দপুরে শার্প নামের একটি এনজিওর ২য় তলার একটি গেস্ট রুমে প্রশিক্ষণকালীন অবস্থান করেন।

জনাব মোঃ টুটুল মিয়া, ইউনিয়ন সমাজকর্মী, উপজেলা সমাজসেবা কার্যালয়, সৈয়দপুর, নীলফামারী উপজেলা সমাজসেবা অফিসার, সৈয়দপুর, নীলফামারীর নির্দেশে সফটস্কিল প্রশিক্ষণের প্রশিক্ষক জনাব আমিরুল আলম, সমাজসেবা অফিসার, প্রতিষ্ঠান-১ শাখা, সমাজসেবা অধিদপ্তর, সদর কার্যালয়, আগারগাঁও, ঢাকাকে প্রশিক্ষণ স্থলে মটর সাইকেলে নিয়ে যাওয়ার সময় তাকে বিভিন্ন অসম্মানজনক কথাবার্তা বলেন এবং শিষ্টাচার বহির্ভূত আচরণ করেন মর্মে তিনি একটি অভিযোগপত্র দাখিল করেন।

উক্ত অভিযোগের প্রেক্ষিতে তাকে সমাজসেবা অধিদপ্তরের শৃঙ্খলা ও তদন্ত শাখার ২২/০৭/২০২৬ তারিখ ৪১.০১.০০০০.০০০.০১৪.২৭.০০৪৪.২৬.১৫৭ সংখ্যক স্মারক যোগে কৈফিয়ত তলব করা হয়। তিনি কৈফিয়ত তলবের জবাব প্রদান করেন। তার জবাব সন্তোষজনক নয় মর্মে প্রতীয়মান হয়।

তার উল্লিখিত অভিযোগসমূহ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) মোতাবেক 'অসদাচরণ' এর আওতাভূক্ত এবং একই বিধিমালার আওতায় শাস্তিযোগ্য অপরাধ।

৩০-০৮-২০২৬

পরিচালক (প্রশাসন ও অর্থ)